# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 30.11.2024** **Time: 7.50 P.M.**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) গ্রামীন সড়ক যোজনা প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য আরও এক হাজার ৪০০ কোটি টাকা বরাদ্দ করেছে।

২) রাজ্যের ৬ বিধানসভা আসনে উপনির্বাচনে বিজয়ী প্রার্থীরা আগামী সোমবার শপথ নেবেন।

৩) মশাবাহিত নানা রোগের প্রকোপ বাড়ায় উদ্বিগ্ন রাজ্য স্বাস্থ্য দপ্তর। নেওয়া হচ্ছে একাধিক পদক্ষেপ।

৪) কালিম্পং-এ ভয়াবহ বাস দুর্ঘটনায় ৬ জনের মৃত্যু। আহত অন্তত ১৫।

৫) সাগর থেকে জলীয় বাষ্পপূর্ণ বাতাস বায়ুমন্ডলে প্রবেশ করায় রাজ্যের বিভিন্ন জেলায় আগামী দুদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস।

৬) যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, চেন্নাইন এফসির মুখোমুখি হচ্ছে।

------------------------------------------------------------------------------------------

গ্রামীন সড়ক যোজনা প্রকল্পে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য আরো ১ হাজার ৪০০ কোটি টাকা বরাদ্দ করেছে। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে রাজ্যের গ্রামাঞ্চলে নতুন ৫ হাজার কিলোমিটার রাস্তা তৈরির জন্য গ্রামীণ সড়ক যোজনার বরাদ্দ চেয়ে কেন্দ্রীয়

সরকারের কাছে আবেদন জানানো হয়েছিল। তার মধ্যে প্রায় ৩ হাজার কিলোমিটার রাস্তার প্রস্তাব মঞ্জুর হয়েছে। এর আগে ২০২২ সালের নভেম্বর মাসে শেষবার ওই প্রকল্পের রাজ্যকে ৩৪৩ কোটি টাকা বরাদ্দ করেছিল কেন্দ্র। দু'বছর পর এই খাতে রাজ্য ফের কেন্দ্রীয় বরাদ্দ পেল। উল্লেখ্য গ্রামীণ সড়ক যোজনা প্রকল্পে ৬০ শতাংশ টাকা দেয় কেন্দ্র। বাকি ৪০ শতাংশের ব্যয়ভার রাজ্যকে বহন করতে হয়।

---------------------

রাজ্যের সাম্প্রতিক ছয় বিধানসভা উপনির্বাচনে বিজয়ী প্রার্থীদের শপথ গ্রহণ আগামী সোমবার অনুষ্ঠিত হবে। রাজ্যপাল সিভি আনন্দ বোস নিজে বিধানসভায় উপস্থিত থেকে ওই প্রার্থীদের শপথবাক্য পাঠ করাবেন। রাজ্যপালের সচিবালয়ের তরফে বিধানসভার অধ্যক্ষকে চিঠি দিয়ে একথা জানানো হয়েছে।

উল্লেখ্য এর আগে উপনির্বাচনে জয়ী প্রার্থী সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায় এবং ভগবানগোলার রেয়াত হোসেনের শপথ গ্রহণ নিয়ে রাজভবন ও বিধানসভার মধ্যে টানাপোড়েন তৈরি হয়েছিল।

---------------------

সিভিক ভলান্টিয়ারদের প্রশিক্ষণ দিতে রাজ্য সরকারের কাছে প্রস্তাব জমা দিয়েছে রাজ্য পুলিশ। আগামী বছরের জানুয়ারি মাস থেকে, ধাপে ধাপে আইনি পাঠ ও ব্যবহার সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে বলে খবর। জেলা ও কমিশনারেট স্তরে চলবে এই কর্মসূচি।

---------------------

ওয়াকফ বিলের বিরোধিতায় এবং অপরাজিতা বিলকে আইনে পরিণত করার দাবিতে তৃণমূল কংগ্রেস আজ পথে নামে। কলকাতার ধর্মতলায়, রানি রাসমণি রোডে সংখ্যালঘু সেলের ডাকে এক সমাবেশের আয়োজন করা হয়। সংসদের ওয়াকফ সংক্রান্ত যৌথ কমিটির সদস্য কল্যাণ বন্দ্যোপাধ্যায়, পুরমন্ত্রী তথা মেয়র ফিরহাদ হাকিম, পরিবহনমন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী, সংখ্যালঘু সেলের চেয়ারম্যান মোশারফ হুসেইন এই সমাবেশে বক্তব্য রাখেন।

নারী ও শিশু নির্যাতন আটকাতে রাজ্য বিধান সভায় পাশ হওয়া অপরাজিতা বিলকে দ্রুত আইনে পরিণত করার দাবি তুলে, তৃণমূল মহিলা কংগ্রেস আজ রাজ্য জুড়ে মিছিলে শামিল হয়। কলকাতার যাদবপুর থেকে রবীন্দ্র সদন পর্যন্ত মিছিলে নেতৃত্ব দেন সংগঠনের রাজ্য সভানেত্রী তথা অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য। আগামীকাল অপরাজিতা ইস্যু নিয়ে আজকের মতোই ব্লকে ব্লকে ধর্না কর্মসূচি চলবে।

-----------------------

আর জি কর কান্ডের আবহে স্বাস্থ্য ক্ষেত্রের দিকে নজর দিয়ে নিজের লোকসভা কেন্দ্র ডায়মন্ডহারবারে সেবাশ্রয় নামে একটি কর্মসূচীর ঘোষণা করেছেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। এর আওতায় ২৩ লক্ষ মানুষকে স্বাস্থ্য শিবিরের মাধ্যমে চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়া এর লক্ষ্য। আজ ডায়মন্ডহারবারের আমতলায় ডক্টর্স কনভেনশনে অভিষেক একথা বলেন।

বাইট

অপরাজিতা বিলকে আইনে পরিণত করতে প্রয়োজনে সংসদে বেসরকারি সদস্য বিল আনা হবে বলেও এদিন অভিষেক জানান। পুলিশ কমিশনার, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা

বদল হলেই ধর্ষণ বন্ধ হয়ে যাবে কিনা সেই প্রশ্ন তোলেন তিনি। ধর্ষণের ঘটনায় ফের সর্বোচ্চ শাস্তির দাবি জানান তিনি।

----------------------

ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিল চিকিৎসকদের ও মানুষের স্বার্থে কাজ করছে না বলে অভিযোগ তুলে চিকিৎসকদের পাঁচটি সংগঠনের যুক্তমঞ্চ জয়েন্ট প্লাটফর্ম অফ ডক্টরস ওয়েস্ট বেঙ্গল, ফের আন্দোলনে নামছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে সংগঠনের তরফে ডাক্তার উৎপল বন্দ্যোপাধ্যায় বলেন- অভয়ার ধর্ষণ ও নারকীয় হত্যাকান্ডে যারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত বলে অভিযোগ উঠছে তারা ওয়েস্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিলের সঙ্গে এখনো যুক্ত রয়েছেন।

বাইট

----------------------

জাল ভারতীয় পাসর্পোট তৈরী করার অভিযোগে পার্ক ষ্ট্রীট থানা এলাকা থেকে ধৃত বাংলাদেশ অনুপ্রবেশকারী সেলিম মাতব্বরকে আদালত সাত দিনের পুলিশ হেফাজত দিয়েছে। গতকাল তাকে গ্রেপ্তার করে পুলিশ। রবি শর্মা নাম নিয়ে ধৃত ঐ বাংলাদেশী মার্কুইস ষ্ট্রীটের একটি হোটেলে গত দুবছর ধরে কাজ করছিল। আদতে বাংলাদেশের মাদারিপুরের বাসিন্দা সেলিম, বি এন পি দলের নেতা। তাকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হয়।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর তোষণের কারণে রাজ্য অনুপ্রবেশকারীদের আশ্রয়স্থল হয়ে উঠেছে বলে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। আজ এক্স হ্যান্ডেলে এক বার্তায় সুকান্তবাবু বলেন, তৃণমূল কংগ্রেস সরকার সীমান্তে

ফাঁড়ি তৈরির কেন্দ্রীয় প্রচেষ্টাকে বাধা দিচ্ছে। মুখ্যমন্ত্রী অনুপ্রবেশকারীদের ঢাল করতে চাইছেন বলেও তাঁর অভিযোগ।

----------------------

বাংলাদেশে বতমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। আজ পুরভবনে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সেদেশের শুধু সংখ্যালঘুদের হত্যা করা হচ্ছে তাই নয়, আক্রমণ হচ্ছে সংখ্যাগরিষ্ঠদের ওপরেও। তিনি ভারতের জাতীয় পতাকা অবমাননার তীব্র প্রতিবাদ করেন।

বাইট

বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর অত্যাচারের প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জেলায় আজও প্রতিবাদ মিছিল চলেছে। কোচবিহার শহরে কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদ আজ প্রতিবাদ মিছিল বের করে। শহরে পাওয়ার হাউস চৌপথি সংলগ্ন এলাকা থেকে মিছিল বের হয়ে শহর পরিক্রমা করে।

নদীয়ার শান্তিপুরে আজ প্রতিবাদ মিছিলে পা মেলান রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার।

----------------------

কালিম্পং এর রংপোতে আজ বাস দুর্ঘটনায় পাঁচ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন দশ জন। এসপি কালিম্পং এর পুলিশ সুপার শ্রীহরি পান্ডে জানান, শিলিগুড়ি থেকে গ্যাংটক গামী একটি বেসরকারী বাস, দুপুর তিনটে নাগাদ নিয়ন্ত্রন হারিয়ে খাদে পড়ে যায়। ঘটনাস্থলে পুলিশ রয়েছে, বাসটি সরানোর চেষ্টা চলছে।

-----------------------

শীতের মরশুম শুরু হয়ে গেলেও রাজ্যে ডেঙ্গি, ম্যালেরিয়া, চিকুনগুনিয়ার মতো মশাবাহিত রোগের প্রকোপ উদ্বেগ বাড়িয়েছে। গত এক সপ্তাহে নতুন করে প্রায় ১ হাজার মানুষ ডেঙ্গিতে আক্রান্ত হয়েছেন। গত দু'দিনে কলকাতা বেলেঘাটা আইডি হাসপাতালে এক স্বাস্থ্য কর্মী-সহ তিনজন ডেঙ্গি আক্রান্তের মৃত্যু হয়েছে। একটি প্রতিবেদন-

ভয়েসকাস্ট

-----------------------

শহর কলকাতায় ডেঙ্গির প্রকোপ ৯২ শতাংশ কমেছে বলে কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। ডেঙ্গি সম্পর্কে মানুষের সচেতনতা বৃদ্ধি পাওয়ায় এর মূল কারণ বলেও উল্লেখ করেন তিনি।

-----------------------

রাজ্য পুলিশের প্রাক্তন আইজি পঙ্কজ দত্ত প্রয়াত। আজ দুপুরে উত্তরপ্রদেশের বারানসির একটি বেসরকারি হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। একটি সেমিনারে বক্তব্য রাখতে গিয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়লে গত ২৩ শে অক্টোবর থেকে তিনি এই হাসপাতালে ভর্তি ছিলেন।

-----------------------

বিজ্ঞানী আচার্য জগদীশচন্দ্র বসুর আজ ১৬৬ তম জন্মবার্ষিকী। বিধানসভার লবিতে আজ বীশিষ্ট এই বিজ্ঞানীর প্রতিকৃতিতে মাল্যদান করেন অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায়। বসু বিজ্ঞান মন্দিরের প্রতিষ্ঠাতা আচার্য জগদীশচন্দ্র বসু'র জন্মদিন উপলক্ষে উত্তর

কলকাতায় রামমোহন লাইব্রেরী এন্ড ফ্রি রিডিংরুমে এক আলোচনা সভারও আয়োজন করা হয়েছে।

---------------------

বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় পরিস্থিতির কারণে সাগর থেকে জলীয় বাষ্পপূর্ণ বাতাস বায়ুমন্ডলে প্রবেশ করায় রাজ্যের বিভিন্ন জেলায় আগামী দুদিন বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দু এক পশলা বৃষ্টির খবর মিলেছে কলকাতা, হাওড়া, হুগলী, দুই মেদিনীপুর, দুই ২৪ পরগণা, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পূর্ব বর্ধমান ও নদীয়ায়। আগামীকাল দক্ষিণ ২৪ পরগণা, ঝাড়গ্রাম ও দুই মেদিনীপুরে বৃষ্টির সম্ভাবান।

এদিকে, কলকাতা সহ জেলাগুলির সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা বেড়েছে। আজ সকালে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ৪ ডিগ্রি বেশি।

অন্যদিকে, উল্লেখযোগ্যভাবে কমেছে সর্বোচ্চ তাপমাত্রা। প্রায় ৭ ডিগ্রি কমে সর্বোচ্চ তাপমাত্রা দাঁড়িয়েছে ২২ ডিগ্রি সেলসিয়াসে।

---------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট, চেন্নাইয়িন এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে- খেলা এখনও গোলশূন্য।

--------------------- ---------------------